

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাওবার জন্য সালাত।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عِنْدَ التَّوْبَةِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عُثْمَانَ بْنِ الْمُغِيرَةِ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ، عَنْ أَسْمَاءَ بْنِ الْحَكَمِ الْفَزَارِيِّ، قَالَ سَمِعْتُ عَلِيًّا، يَقُولُ إِنِّي كُنْتُ رَجُلًا إِذَا سَمِعْتُ مِنْ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حَدِيثًا نَفَعَنِي اللَّهُ مِنْهُ بِمَا شَاءَ أَنْ يَنْفَعَنِي بِهِ وَإِذَا حَدَّثِنِي رَجُلٌ مِنْ أَصْحَابِهِ اسْتَحْلَقْتُهُ فَإِذَا حَلَفَ لِي صَدَّقْتُهُ وَإِنَّهُ حَدَّثِنِي أَبُو بَكْرٍ وَصَدَقَ أَبُو بَكْرٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُلِ يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُلِ يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُل يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ فَيَتَطَهَّرُ ثُمَّ يُصِرِّقِ الْمَدُولُ اللَّهَ إِلاَّ عَفْوَ اللَّهُ فَلَهُ اللهُ عَلْوا اللهَ فَاسْتَغْفُرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ الذَّنُوبَ إِلاَ اللَّهُ وَلَمْ يَعْلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرْدَاءِ يُصِرُّوا عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرُدَاءِ عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرْدَاءِ وَأَنْسَ وَأَبِي أَمُامَةَ وَمُعَاذٍ وَوَاثِلَةَ وَأَبِي الْيَسَرِ وَاسْمُهُ كَعْبُ بْنُ عُرْو. . قَالَ أَبُو عِيسَى عَلَيْ مَرْفُوعًا أَيْضًا وَوَاثِلَةَ وَأَبِي الْيَسَرِ وَاسْمُهُ كَعْبُ بْنُ عَمْرِو . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَنْمُ اللهَ عَلِي عَوانَةً . وَرَوَاهُ سُفْيَانُ التَّوْرِيُ وَوَاثِلَهُ وَلَمْ يَوْفُ لَا الْقَوْمِ مُ مِنْ حَدِيثِ عَثْمَانَ بْنِ الْمُغِيرَةِ . وَرَوَاهُ سُفْيَانُ الْمُغِيرَةِ . وَرَوَاهُ سُفْيَانُ النَّورَ عَنْ مِسْعَرٍ هَذَا الْحَدِيثُ مَرْفُوعًا أَيْضًا . وَلاَ نَعْرِفُ لَا أَسُولُ لاَ النَّيْ صَلَى الله عليه وسلم وقَدْ رُويَ عَنْ مِسْعَرٍ هَذَا الْحَدِيثُ مَرْفُوعًا إِلاَّ هَذَا . .

বাংলা

৪০৬. কুতায়বা (রহঃ) আসমা ইবনু হাকাম আল-ফাযারী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি আলী রাদিয়াল্লাহু আনহু কে বলতে শুনেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে যখন কোন হাদীস শুনতাম তখন আল্লাহ্ যতটুকু চেয়েছেন আমি এ দ্বারা ততটুকু উপকৃত হয়েছি। তাঁর কোন সাহাবী যখন আমার কাছে কোন হাদীস বর্ণনা করেন আমি তাকে কসম করে বলতে বলি। তিনি কসম করলে আমি তা সত্য বলে গ্রহণ



করে নেই। এখন যে হাদীসটি বলছি, সেটি আমাকে আবূ বকর বর্ণনা করেছেন। আর আবূ বকর অবশ্যই সত্য বলেছেন। তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, কোন ব্যক্তি যদি কোন শুনাহ করে বসে, এরপর সে উযূ (ওজু/অজু/অযু) করে এবং সালাত (নামায/নামাজ) আদায় করে ও আল্লাহর নিকট মাফ চায়, তবে আল্লাহ্ তা'আলা অবশ্যই তার গুনাহ মাফ করে দেন। অতঃপর তিনি এই আয়াতটি তিলাওয়াত করেনঃ

আর যারা মনদকাজ করে ফেলে বা নিজের প্রতি যুলুম করে বসে আল্লাহকে স্মরণ করে এবং নিজের গুনাহর জন্য ক্ষমা চায়, (তারাও মুত্তাকীদের অন্তর্ভূক্ত)। আল্লাহ্ ব্যতীত কে গুনাহ মাফ করবে?'' (৩ঃ১৩৫) - ইবনু মাজাহ ১৩৯৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৪০৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসঊদ, আবৃদ-দারদা, আনাস, আবৃ উমামা, মু'আয, ওয়াসিলা ও আবৃল ইয়াসার রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবৃল ইয়াসার রাদিয়াল্লাহু আনহু -এর নাম হ'ল কা'ব ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আলী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। উসমান ইবনুল মুগীরা সূত্রেই কেবল এটি বর্ণিত হয়েছে। শু'বা এবং অন্যান্য রাবীও তার সূত্রে এই হাদীসটিকে আবৃ আওয়ানার মত মারফূ হিসেবে বর্ণনা করেছেন। সুফইয়ান সাওরী ও মিসআর এটিকে মাওকৃফ হিসেবে রিওয়ায়াত করেছেন। তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত এটিকে মারফূ করেন নাই। তবে মিসআর (রহঃ) থেকে মারফূ হিসেবেও বর্ণিত হয়েছে। আর এই হাদীসটি ছাড়া আসমা ইবনুল হাকাম অন্য কোন মারফূ হাদীস বর্ণনা করেছেন বলে আমাদের জানা নাই।

English

Asma bin Al-Hakam Al-Fazari said:

"I heard Ali saying: 'Indeed I am a man who, when I heard a Hadith from Allah's Messenger (S) then Allah causes me to benefit from it as much as He wills for me to benefit from it. When a man among his Companions narrated to me I ask him to swear an oath to me about it, and when he swears an oath to me I trust him. And Abu Bakr narrated to me - and Abu Bakr told the truth - he said: "I heard Allah's Messenger (S) saying: 'There is no man who commits a sin, then makes Wudu, then performs Salat, then seeks forgiveness from Allah, except that Allah forgives him.' Then he recited this Ayah: Those who when they have committed Fahishah or wronged themselves with eveil, remember Allah. (3:135) until the end of the Ayah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=17595}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন